দৈনিক ইনকিলাব

তারিখ ... OCT 0 8 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ৭ মাসে ২৫ দিন ধর্মঘট

# রাবিতে শিক্ষাজীবন সঙ্কটে

মোঃ রকিব উদ্দিন

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রশাসন অকার্যকর হয়ে পড়ছে। তুচ্ছ ঘটনাকে কেন্দ্র ধর্মঘট, ভাঙচুর ও শিক্ষক লাঞ্ছিত হওয়ার ঘটনা ঘটছে। এসব ঘটনাকে কোনভাবেই নিয়ন্ত্রণ করতে পারছে না কর্তৃপক্ষ। গত সাত মাসে ক্যাম্পাসে ধর্মঘট হয়েছে অন্তত ২৫ দিন। ক্যাম্পাসে এসব ঘটনায় সঙ্কটের মধ্যে পড়েছে শিক্ষার্থীদের জীবন। সৃষ্টি হচ্ছে সেশন জটের। মূলত প্রশাসনিক অবহেলা ও অভ্যন্তরীণ বিশৃঙ্খলার কারণে এ সমস্যার সৃষ্টি হয়েছে। রাবিতে দৈনিক মজুরির ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত বহুল আলোচিত ৫৪৪ কর্মচারীকে স্থায়ী না করায় তারা এ বছরের ২১ জানুয়ারী প্রশাসন ভবনে ব্যাপক ভাঙচুর চালায়। তাদের বাধা দিতে গিয়ে প্রহৃত হন পপুলেশন সায়েন্স বিভাগের শিক্ষক ও সহকারী প্রক্টর মাহমুদুল হাসান। এর প্রতিবাদে শিক্ষকরা ক্যাম্পাসে ৪ দিন কর্মবিরতি পালন করে। গত ৩ ফেব্রুয়ারী ক্যাম্পাসের নিজ বাসার পেছনের সেফটিক ট্যাঙ্ক থেকে উদ্ধার করা হয় ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের প্রফেসর ডঃ এস তাহের আহমেদের লাশ। এ খুনের বিচারের দাবীতে ক্যাম্পাস আন্দোলনে ফুঁসে ওঠে। লাগাতার ধর্মঘটের ডাক দেয় ছাত্রলীগ, প্রগতিশীল ছাত্রজোট ও বিভাগীয় শিক্ষার্থীরা। শিক্ষকরাও পালন করে কর্মবিরতি। দীর্ঘদিন ধরে বিক্ষোভ মিছিল-সমাবেশ ও ধর্মঘট পালিত হলেও ঘটনার মূল রহস্য উদঘাটন হয়নি আজও। ৩০ মার্চ ক্যাম্পাসে ছাত্রদলের কমিটি গঠনকে কেন্দ্র করে দু'গ্রুপে সংঘর্ষ হয়। এ ঘটনায় ভিসি ও প্রক্টরের বিরুদ্ধে এক গ্রুপের পক্ষ [illegible]

গত এপ্রিল মাসের গোড়ার দিকে উদ্ভিদবিদ্যা বিভাগের এক শিক্ষক কর্তৃক ছ
লাঞ্ছিতের ঘটনা ঘটে। এর প্রতিবাদে শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মি
করে। কিন্তু শিক্ষকের কোন বিচার না হওয়ায় ৬ মে ভিসিকে তৃতীয় বি
ভবনে ৬ ঘন্টা আটক করে রাখে তারা। এতেও তাদের দাবী মেনে না নে
পরদিন ক্যাম্পাসে ধর্মঘট পালন করে শিক্ষার্থীরা। এরপর মার্কেটিং বিভ
বিতর্কিত শিক্ষক সিলেকশন করায় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা তা বাতিলের দাবী
ধর্মঘটের ডাক দেয়। আইন বিভাগে একই দাবীতে ধর্মঘট পালিত হয়।
ছাত্রদের দাবী মেনে নেয় কর্তৃপক্ষ। গত ১০ আগস্ট ক্যাম্পাসে আড্ডা দে
সময় কথা কাটাকাটির এক পর্যায়ে ছাত্রলীগ ও ছাত্রদলের দু'কর্মীর ম
তর্কাতর্কি বাধে। এক পর্যায়ে ছাত্রলীগ কর্মীকে ছুরিকাহত করে ছাত্রদল ক
এ ঘটনায় প্রশাসনকে দায়ী করে পরদিন ক্যাম্পাসে ধর্মঘটের ডাক
ছাত্রলীগ। সর্বশেষ কৃষি অনুষদের বিভিন্ন সমস্যা সমাধানের দাবীতে ক্যাম্প
ধর্মঘট পালন করে কৃষি অনুষদের শিক্ষার্থীরা। ক্যাম্পাসে বারবার তুচ্ছ ঘটনা
কেন্দ্র করে ধর্মঘট ডাকা এখন স্বাভাবিক ব্যাপার। শিক্ষক সমিতির সভাপ
প্রফেসর ডঃ জিল্লুর রহমান দুঃখ করে বলেন, বিশ্ববিদ্যালয়ের পূর্বের ইতিহ
এরকম তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ধর্মঘট পালিত হয়নি। প্রশাসনের চরম ব্যর্থ
ও গুরুত্বহীনতায় এ রকম ঘটনা ঘটছে। প্রক্টর ডঃ এনামুল হকের সাথে
ব্যাপারে যোগাযোগ করা হলে তিনি বলেন, বিশেষ একটি মহলের ইন্ধ
ক্যাম্পাসে এরূপ অপ্রীতিকর ঘটনা ঘটছে। তিনি বলেন, এ ব্যাপারে প্রশাস